

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৩.২০.৭০

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেন্ট পিটিশন নং-২১৯/২০২০ মামলা জবাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলাধীন চর আমান উল্যাহ উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মজুমদার এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগের প্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্ত করা হয়। জনাব নারায়ন চন্দ্র মজুমদার ০১/০৪/১৯৯৫ তারিখে সহকারী শিক্ষক পদে যোগদান করেন। উক্ত সময়ের নীতিমালা অনুযায়ী সহকারী শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা স্নাতকসহ বিএড থাকার বিধান ছিল। নিয়োগের সময় তার বি.এড সনদ ছিল না। তিনি ০১/০৪/১৯৯৫ সালে সহকারী শিক্ষক পদে যোগদান করেন এবং ২৫/১০/২০১১ তারিখে প্রধান শিক্ষক পদে যোগদান করেন। ২০০১ সালে বি.এড সনদ অর্জন করেন। তাছাড়া সহকারী শিক্ষক পদে তার নিয়োগ বৈধ হয়নি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর যোগ্যতা জালিয়াতির অভিযোগে প্রধান শিক্ষক জনাব নারায়নচন্দ্র মজুমদার এর বেতন ভাতা সরকারি অংশ বন্ধ করা হয় এবং তাকে কারণ দর্শানো হয়। ১৯৯৯ সালে প্রতিষ্ঠানটি নিম্নমাধ্যমিক হিসেবে এম.পি.ও. ভুক্তি হয়। প্রথম এম.পি.ও.তে জনাব নারায়ন চন্দ্র মজুমদার এর সহকারী শিক্ষক হিসেবে এমপিও হয়। তদন্তকালে তার প্রথম এম.পি.ও এর বিল দাখিলের কাগজপত্র তিনি উপস্থাপন করতে পারেন নাই। তার শিক্ষাগত যোগ্যতা সকল স্তরে ২য় শ্রেণী দেখানো হয়েছে। কিন্তু তিনি সকল স্তরে ৩য় শ্রেণী অর্জন করেছেন। নীতিমালা অনুযায়ী একটি ৩য় শ্রেণী গ্রহণযোগ্য ছিল। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-১১-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল: salimsikder20@yahoo.com

মহাপরিচালকমাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(জনাব এসকে শফিক আহমেদ, আইন উপদেষ্টা)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৩.২০.৭০/১(৪)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, আইন-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩-১১-২০২০

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব